

## 💵 নাজাত প্রাপ্ত দলের আকীদাহ

বিভাগ/অধ্যায়ঃ প্রশ্ন এবং তাঁর উত্তরসমুহ রচয়িতা/সঙ্কলকঃ হাফেয বিন আহমাদ আল-হাকামী (রহঃ)

প্রশ্নঃ (৮৭) রাসূলদের প্রতি ঈমান আনার দলীল কি?

উত্তরঃ কুরআন ও হাদীছে রাস্লদের প্রতি ঈমান আনয়নের অসংখ্য দলীল রয়েছে। আল্লাহ্ তা'আলা বলেনঃ
إِنَّ الَّذِينَ يَكْفُرُونَ بِاللَّهِ وَرُسُلِهِ وَيُرِيدُونَ أَنْ يُفَرِّقُوا بَيْنَ اللَّهِ وَرُسُلِهِ وَيَقُولُونَ نُوْمِنُ بِبَعْضٍ وَنَكْفُرُ بِبَعْضٍ وَيُريدُونَ أَنْ يَكُورُونَ حَقًّا وَأَعْتَدْنَا لِلْكَافِرِينَ عَذَابًا مُهِينًا \* وَالَّذِينَ آمَنُوا بِاللَّهِ وَرُسُلِهِ وَلُمُ يُفَرِّقُوا بَيْنَ أَحَدٍ مِنْهُمْ أُولَئِكَ سَوْفَ يُؤْتِيهِمْ أُجُورَهُمْ

'নিশ্চয়ই যারা আল্লাহ ও তাঁর রাসূলগণের প্রতি অবিশ্বাস করে এবং আল্লাহ ও তাঁর রাসূলগণের পার্থক্য করতে ইচ্ছা করে এবং বলে যে, আমরা কতিপয় রাসূলের প্রতি বিশ্বাস স্থাপন করি এবং কতিপয়কে অবিশ্বাস করি এবং তারা এরই মধ্যবর্তী কোন পথ অবলম্বন করতে চায়, ওরাই প্রকৃত পক্ষে অবিশ্বাসী এবং আমি অবিশ্বাসীদের জন্যে অবমাননাকর শাস্তি প্রস্তুত করে রেখেছি। আর যারা আল্লাহ ও তাঁর রাসূলগণের প্রতি বিশ্বাস স্থাপন করে এবং তাদের কোন একজনের মধ্যে পার্থক্য করে না, আল্লাহ তাদেরকেই তাদের প্রতিদান প্রদান করবেন"। (সূরা নিসাঃ ১৫০-১৫২) নবী সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেনঃ

(آمنت بالله ورسله)

''আমি আল্লাহর প্রতি এবং তাঁর রাসূলের প্রতি ঈমান আনয়ন করলাম''।[1]

## ফুটনোট

[1] বুখারী, অধ্যায়ঃ কিতাবুল আদব। মুসলিম, অধ্যায়ঃ কিতাবুল ফিতান।

Source — https://www.hadithbd.com/books/link/?id=11901

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন